# এনফোর্সমেন্ট বুলেটিন

## (জানুয়ারী, ২০২৬)



## পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# এনফোর্সমেন্ট বুলেটিন

**নির্দেশনায়**
**ড. মোঃ কামরুজ্জামান,** *এনডিসি*
মহাপরিচালক

**তত্ত্বাবধানে**
**মোঃ জিয়াউল হক**
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

**সম্পাদনায়**
**সৈয়দ ফরহাদ হোসেন**
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**
**সৈয়দ আহম্মদ কবীর**
উপপরিচালক

**সাবরিন সুলতানা**
উপপরিচালক

**ইয়াসমিন আক্তার**
সহকারী পরিচালক

**শেখ মোজাহীদ**
সহকারী পরিচালক

**প্রকাশকাল**
ফেব্রুয়ারি-২০২৬

**প্রকাশক**
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর

**পরিবেশ ভবন**
ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, facebook.com/doebd



**পরিচালক**
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারিকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় জানুয়ারী/২০২৬ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জানুয়ারী/২০২৬ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, শব্দ দূষণ ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ২৯২ টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৮৪০ টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৭,৯৪,৮৮,৩০০/- (সাত কোটি চুরানব্বই লক্ষ আটাশি হাজার তিনশত) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয়েছে এবং আনুমানিক ৬৮৪৯.৮ কেজি পলিথিন ও ২৯৪ টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়েছে। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে। এছাড়াও পরিবেশ দূষণকারী মোট ৩১১ টি হাসপাতাল-ক্লিনিক, ইটভাটা, শিল্প প্রতিষ্ঠানকে নোটিশ প্রদান করে শুনানির মাধ্যমে মোট ৫,৩৯,৫৮,২৫৪/- (পাচঁ কোটি উনচল্লিশ লক্ষ আটান্ন হাজার দুইশত চুয়ান্ন) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে এবং ১৬ টি প্রতিষ্ঠানকে কার্যক্রম বন্ধের নির্দেশ প্রদান করা হয়েছে।

পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী এবং সার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একইসাথে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

**সৈয়দ ফরহাদ হোসেন**

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ১ | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারার আওতায় জানুয়ারী/২০২৬ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২ | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক জানুয়ারী/২০২৬ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩ | জানুয়ারী/২০২৬ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১৪ |
| ৪ | জানুয়ারী/২০২৬ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৫-১৭ |

## পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ৭ ধারার আওতায় জানুয়ারী/২০২৬ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম ঃ



*চিত্র ঃ এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ*



*ছবি ঃ এনফোর্সমেন্ট শাখায় শুনানিতে অংশগ্রহণকারীদের উপস্থিতি*

জানুয়ারী ২০২৬মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিবুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ৩১১ (তিনশত এগারো) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৫,৩৯,৫৮,২৫৪/- (পাচঁ কোটি উনচল্লিশ লক্ষ আটান্ন হাজার দুইশত চুয়ান্ন) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ৩,৩২,৩৮,৫০২/- (তিন কোটি বত্রিশ লক্ষ আটত্রিশ হাজার পাঁচশত দুই) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:** মহা-পরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোনো ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমাণ নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরুপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:** মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোনো ক্ষমতা অধিদপ্তরের যে কোনো কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

## মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক
## জানুয়ারী ২০২৬ মাসে মনিটরিং কার্যক্রম ঃ



*চিত্র: জানুয়ারী/২০২৬ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ*

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনোভাবে শ্রেণী পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড।

**০১ জানুয়ারী ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নরসিংদী জেলার মমিন টেক্সটাইল মিলস লিমিটেড কে ১০ লক্ষ টাকা;দিনাজপুর জেলার মেসার্স আলিফ অটো রাইস মিল কে ০১ লক্ষ টাকা এবং মেসার্স উমেদা এগ্রো ইন্ডাস্ট্রিজ কে ৭৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বরিশাল জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ১৬,৫০,০০০/- (ষোল লক্ষ পঞ্চাশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৪ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয় এবং ০২ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ০২ টি ইটভাটার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে  ঢাকা মহানগরের ৬০ ফিট, মিরপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যেমে ৬০,০০০/- (ষাট হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী ঢেকে রাখা ও তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশনা দেওয়া হয়।





**০৪ জানুয়ারী ২০২৬** তারিখে  বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক সিরাজগঞ্জ, ঝালকাঠি, টাংগাইল, নোয়াখালী, কুড়িগ্রাম ও নারায়ণগঞ্জ জেলায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ১১,৬০,০০০/- (এগার লক্ষ ষাট হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০১ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয় এবং ০২ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ০১ টি ইটভাটার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে পঞ্চগড়, ঝিনাইদহ,  ঢাকা মহানগরের মিরপুর-০৬ ও আফতাবনগর এলাকায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১১ টি মামলার মাধ্যেমে ১,৪২,০০০/- (এক লক্ষ বিয়াল্লিশ হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী ঢেকে রাখা ও তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশনা দেওয়া হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় মুন্সীগঞ্জ ও পিরোজপুর জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ৬,৩০০/- (ছয় হাজার তিনশত) টাকা জরিমানা  ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১৩৩ কেজি পলিথিন জব্দ করা হয়। শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক চাঁপাইনবাবগঞ্জ জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ২,০০০/-(দুই হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৮ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।





**০৫ জানুয়ারী ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে চাঁপাইনবাবগঞ্জ জেলার মেসার্স সৌদিয়া স্টীল ওয়ার্কসপ কে ৫০ হাজার টাকা; যশোর জেলার কেশবপুর প্যাথলজি কে ২০ হাজার টাকা; ঢাকা জেলার কারিশমা সার্ভিসেস লিমিটেড কে ১৩ লক্ষ ৩৬ হাজার ৫০০ টাকা; লায়ন্স চক্ষু এন্ড জেনারেল হাসপাতাল কে ৫০ হাজার টাকা; সেল ইলেকট্রনিক ইন্ডাস্ট্রিজ লিঃ কে ৩ লক্ষ টাকা; এফ এন সি লিঃ কে ৩ লক্ষ টাকা; মেসার্স গোল্ডেন লেদার ইন্ডাস্ট্রিজ কে ১০ লক্ষ টাকা; এবং ইউনিহাউস লিমিটেড কে ৩৪ হাজার ৪০০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক জামালপুর, ঠাকুরগাঁও,

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

কুড়িগ্রাম ও বরিশাল জেলায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১২ টি মামলার মাধ্যমে ১৯,০০,০০০/- (উনিশ লক্ষ পঞ্চাশ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৫ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয় এবং ০৫ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ০৫ টি ইটভাটার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(১) ধারা লংঘন করে যানবাহন কর্তৃক মানমাত্রাতিক্ত কালো ধোঁয়া নির্গমনের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের শ্যামলী শিশুমেলা এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ১৯,০০০/- (উনিশ হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং কয়েকটি যানবাহনের চালককে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় নওগাঁ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা জরিমানা  ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৮ কেজি পলিথিন জব্দ করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বান্দরবান, ঢাকা মহানগরের আজিমপুর ও মানিকমিয়া এভিনিউ এলাকায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১৫ টি মামলার মাধ্যমে ২৭,০০০/-(সাতাশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।




**০৬ জানুয়ারী ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঠাকুরগাঁও জেলার নিউ সেবা ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৫০ হাজার টাকা; গ্রীন ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; বলাকা ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; নিউ স্কয়ার হাসপাতাল কে ৫০ হাজার টাকা; নিউ যমুনা ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; গাজীপুর জেলার গ্যালাক্সী অটো মেশন ইঞ্জিনিয়ারিং কে ১ লক্ষ টাকা; স্মার্ট কংক্রিট ব্রিকস কে ৫০ হাজার টাকা; মাসকো ইন্ডাস্ট্রিজ লিঃ কে ১০ লক্ষ টাকা; হানিফ স্পিনিং মিলস লিঃ কে ১ লক্ষ টাকা; নারায়ণগঞ্জ জেলার শীতলক্ষ্যা ওয়াটার ফ্রন্ট রিসোর্ট লিঃ কে ১ লক্ষ টাকা; রংপুর জেলার নিউ তারাগঞ্জ ডিজিটাল ডায়াগিনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; মেহেরপুর জেলার মাইক্রোপ্যাথ এন্ড কনসালটেশন সেন্টার কে ২৫ হাজার টাকা; রাজশাহী ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; টেকনো ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; হুদা হেলথ কেয়ার সেন্টার কে ২৫ হাজার টাকা;  ঢাকা জেলার হেলদী লাইফ ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক লিঃ কে ৫০ হাজার টাকা; ব্যারনস রেস্টুরেন্ট কে ৩ লক্ষ টাকা; পারভীন আবাসিক হোটেল ইন্টারন্যাশনাল কে ৫০ হাজার টাকা; বন্ধন ব্লাড ব্যাংক এন্ড ট্রান্সফিউশন এন্ড ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার কে ৩০ হাজার টাকা এবং এ্যাক্টিভ ব্লাড ব্যাংক ট্রান্সফিউশন এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৩০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক রংপুর, জামালপুর, চট্টগ্রাম, কুস্টিয়া, চাঁপাইনবাবগঞ্জ, বরিশাল ও ঢাকা জেলায় কেরানীগঞ্জ ০৭ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৫ টি মামলার মাধ্যমে ৬৪,৫০,০০০/- (চৌষট্টি লক্ষ পঞ্চাশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৯ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয় এবং ০৬ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ০৯ টি ইটভাটার বিদ্যুৎ সংযোগ বিছিন্ন করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় ঝিনাইদহ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০১ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৭,০০০/- (সাত হাজার) টাকা জরিমানা  ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৪০ কেজি পলিথিন জব্দ করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের পরিকল্পনা কমিশনের সামনে, শেরেবাংলানগর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ১০,৫০০/-(দশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১০ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়।




বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ী স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস" অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোনো গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।

**০৭ জানুয়ারী ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ময়মনসিংহ জেলার এক্সপেরিয়েন্স টেক্সটাইল মিলস লিঃ কে ৪৫ লক্ষ টাকা; গাজীপুর জেলার ফার্মসিয়া লিমিটেড কে ২৯ হাজার ৬৪০ টাকা; এমিগো বাঙলাদেশ লিঃ কে ৩১ হাজার টাকা; ভিনটেক্স ডেনিম এপারেলস লিমিটেড কে ১ লক্ষ ২৮ হাজার টাকা; ওয়ান স্টীচ লিমিটেড কে ৫০ হাজার টাকা; অরবিট প্রসেসিং মিলস লিমিটেড কে ৮১ হাজার ৬০০ টাকা; ঢাকা জেলার কেয়ার প্লাস ডায়াগনস্টিক এন্ড ডক্টরস চেম্বার কে ৩০ হাজার টাকা; ইওএস টেক্সটাইল লিমিটেড কে ৮ লক্ষ ২৮ হাজার টাকা; মানিকগঞ্জ জেলার আওলাদ লেয়ার পোল্ট্রী ফার্ম কে কার্যক্রম বন্ধ ও স্থানান্তরের নির্দেশ; নারায়ণগঞ্জ জেলার মেসার্স পূর্ণিমা ডাইং এন্ড প্রিন্টিং লিঃ কে ৩ লক্ষ ৭৪ হাজার ৯৭৬ টাকা এবং মুন্সীগঞ্জ জেলার খান ডেইরী ফার্ম কে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক রাঙ্গামাটি, চাঁপাইনবাবগঞ্জ, পিরোজপুর, সিরাজগঞ্জ, গাইবান্ধা ও কুস্টিয়া জেলায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৫ টি মামলার মাধ্যমে ৭৮,০০,০০০/- (আটাত্তর লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৯ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয় এবং ০৩ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ০৮ টি ইটভাটার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় মুন্সীগঞ্জ ও যশোর জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০৩ টি মামলার মাধ্যমে ৯,৫০০/- (নয় হাজার পাঁচশত ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩৪০ কেজি পলিথিন জব্দ করা হয়। শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬ অনুসারে শব্দদূষণ বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক চাঁপাইনবাবগঞ্জ ও নারায়ণগঞ্জ জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ৭,০০০/-(সাত হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৯ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) অনুসারে ঢাকা মহানগরের জুরাইন এলাকায় ০১ টি এনফোর্সমেন্ট অভিযান পরিচালনা করে ০১ টি ডাইং কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করে কারখানাটির কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়।





**০৮ জানুয়ারী ২০২৬** তারিখে  বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নীলফামারী ও লক্ষ্মীপুর জেলায় ০২ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ৬টি মামলার মাধ্যমে ২৪,০০,০০০/- (চব্বিশ লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৪ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয় এবং ০৪ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। যানবাহনের অতিরিক্ত কালোধোঁয়া নির্গমন এবং শব্দদূষণ মোবাইল কোর্ট বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরে আজিমপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১১,০০০/- (এগারো হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০২ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়।





১১ জানুয়ারী ২০২৬ তারিখে  বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঝালকাঠি, বরিশাল ও লক্ষ্মীপুর জেলায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১১,০০,০০০/- (এগার লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৫ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

এবং ০৫ টি ইটভাটাকে কার্যক্রম বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। যানবাহনের অতিরিক্ত কালোধোঁয়া নির্গমন এবং শব্দদূষণ মোবাইল কোর্ট বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক রাজবাড়ী, পঞ্চগড়,নাটোর ও ঢাকা মহানগরে আজিমপুর এলাকায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২০ টি মামলার মাধ্যমে ২১,০০০/-(একুশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩৫ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় শরীয়তপুর ও বগুড়া জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০২ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০২ টি মামলার মাধ্যমে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৫৫০ কেজি পলিথিন জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(গ) ধারা লংঘন করে ঝুঁকিপূর্ণ বর্জ্য দ্বারা পরিবেশ দূষণ করায় পরিবেশ অধিদপ্তর কর্তক চুয়াডাঙ্গা জেলায় ০১ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০১ টি মামলার মাধ্যমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।




**১২ জানুয়ারী ২০২৬** তারিখে বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক লক্ষ্মীপুর, কুড়িগ্রাম ও শরীয়তপুর জেলায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ৯,৩০,০০০/-(নয় লক্ষ ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০২ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়। শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২৫ এর ৬(২) ধারা লংঘন করায় পরিবেশ অধিদপ্তর কর্তক ঢকা মহানগরের গুলশান ও চাঁপাইনবাবগঞ্জ জেলায় ০২ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ১০ টি মামলার মাধ্যমে ৯,০০০/- (নয় হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।




**১৩ জানুয়ারী ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাইবান্ধা জেলার মেসার্স সরকার অটো রাইস মিল কে ১ লক্ষ টাকা; আবুল কালাম ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; নাহিদ জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৩৫ হাজার টাকা; ঠাকুরগাঁও জেলার সেন্ট্রাল ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; রংপুর জেলার ডেলটা জেনারেল হাসপাতাল কে ৬৫ হাজার টাকা; দি নিউ আছিয়া ডিজিটাল ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার কে ২০ হাজার টাকা; দিগন্ত ডিজিটাল ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার কে ২০ হাজার টাকা; মেডিকেয়ার ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; সফুরা চক্ষু হাসপাতাল কে ৩৫ হাজার টাকা; যমুনা ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; মেঘনা জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৭৫ হাজার টাকা; কুড়িগ্রাম জেলার আর্কেডিয়া ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ৩৫ হাজার টাকা; পাবনা জেলার এমজিএল কোম্পানী বাংলাদেশ লিঃ কে ১০ লক্ষ টাকা; ক্রাউন সিমেন্ট পিএলসি কে ১ লক্ষ টাকা; সোনার বাংলা হাসপাতাল কে ৫০ হাজার টাকা; সিরাজগঞ্জ জেলার নিরালা হাসপাতাল কে ৩৫ হাজার টাকা; নাটোর জেলার মেসার্স সাহান হুসাইন বিড্রার ফার্ম এন্ড হ্যাচারী; ফ্ল্যাশি ফ্লাশ জুট মিলস লিঃ কে ৫০ হাজার টাকা; রাজশাহী জেলার স্টার ঢালাই কারখানা কে ৫০ হাজার টাকা; নড়াইল জেলার সাইফ আল ইসলাম শ্রীম্প কালচার এগ্রো লিঃ কে ৫ লক্ষ টাকা; ইবনে সিনা প্রাইমারী হেলথ কেয়ার এন্ড ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; শেরপুর জেলার জিহাদ ইন্টিগ্রেটেড এগ্রো লিঃ কে ৩ লক্ষ টাকা; কিশোরগঞ্জ জেলার ভৈরব পাওয়ার প্ল্যান্ট কে ১ লক্ষ ১৫ হাজার ৪৩৫ টাকা; নরসিংদী জেলার এফ আর ডেনিম লিমিটেড কে সতর্ক করা হয়; নারায়ণগঞ্জ জেলার আকিজ এগ্রো ফিড লিমিটেড কে ৪ লক্ষ টাকা; মানিকগঞ্জ জেলার ইনসেপ্টা ফার্ম লিমিটেড কে সতর্ক করা হয়; এভার লাইফ ব্যাটারি রিসাইক্লিং এন্ড ম্যানুঃ কোং লিৎ কে ১০ লক্ষ টাকা; গাজীপুর জেলার এক্স সিরামিকস লিমিটেড কে ২৫ লক্ষ টাকা; মোনালিসা সিরামিকস বিডি রিমিটেড কে ৩৫ লক্ষ টাকা; ঢাকা জেলার সিএম সার্ভিসিং স্টেশন লিমিটেড কে ৫০ হাজার টাকা; নর্থ এন্ড (প্রাঃ) লিঃ কে ৩ লক্ষ টাকা; শ্রুতি কথা ট্রেডিং লিঃ কে কার্যক্রম বন্ধের নির্দেশ;যশোর জেলার মেহেরুন নেছা ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক লক্ষ্মীপুর, পটুয়াখালী, সিলেট ও

বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীর মাধ্যমে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য

বগুড়া জেলায় ০৪ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ৮০০,০০০/- (আট লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৭ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয় । যানবাহনের অতিরিক্ত কালোধোঁয়া নির্গমন এবং শব্দদূষণ মোবাইল কোর্ট বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক নরসিংদী, সিলেট, ঠাকুরগাঁও, খুলনা ও ঢাকা মহানগরের সচিবালয় এলাকায় ০৫ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৪ টি মামলার মাধ্যমে ৩৮,৫০০/-(আটত্রিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৪৩ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬(ক) ধারা লংঘন করায় চাঁদপুর, সিলেট, সিরাজগঞ্জ, শেরপুর ও খুলনা জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৫ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০৭ টি মামলার মাধ্যমে ৪,৪৬,০০০/- (চার লক্ষ ছেচল্লিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৯২০ কেজি পলিথিন জব্দ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে সিলেট, ঢাকা মহানগরের মিরপুর-০৬ ও আফতাবনগর এলাকায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১২ টি মামলার মাধ্যেমে ৪৪,০০০/- (চুয়াল্লিশ হাজার টাকা) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়।






**১৪ জানুয়ারী ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার আমানটেক্স লিঃ (ইউনিট-১ ও ২) কে ২৪ লক্ষ ৩৪ হাজার টাকা; ইসমাইল হোসেন এর গরুর খামার কে কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ; নীফামারী জেলার আলফা ডায়াগনস্টিক কে ২০ হাজার টাকা; ডিজি কেয়ার ডায়াগনস্টিক কে ১৫ হাজার টাকা; নারায়ণগঞ্জ জেলার এ সি আই লিঃ (ফার্মাসিউটিক্যালস) কে ২ লক্ষ টাকা; যশোর জেলার যশোর ট্রমা সেন্টার কে ছাড়পত্র গ্রহনের নির্দেশ; গাইবান্ধা জেলার মাহতাব মেমোরিয়াল ডিজিটাল ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার কে ২৫ হাজার টাকা; রংপুর জেলার রোজ হাসপাতাল কে ১ লক্ষ ৫০ হাজার টাকা; তিস্তা ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা; মেডিনোভা ক্লিনিক এন্ড নার্সিং হোম কে ৫০ হাজার টাকা; সততা ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার কে ২০ হাজার টাকা; মেডিকাস ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার কে ২৫ হাজার টাকা; ঠাকুরগাঁও জেলার মায়া ডায়াগনস্টিক সেন্টার এন্ড হাসপাতাল কে ২৫ হাজার টাকা; ঢাকা জেলার ফাতেমা মেমোরিয়াল ডায়াগনস্টিক এন্ড মেডিকেল সার্ভিসেস কে ৩০ হাজার টাকা; নরসিংদী জেলার নিউ বিসমিল্লাহ ডাইং এন্ড প্রিন্টিং কে কার্যক্রম বন্ধ রাখার নির্দেশ এবং নিউ রোগ মুক্তি জেনারেল (প্রাঃ) হাসপাতাল কে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক দিনাজপুর জেলায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪ টি মামলার মাধ্যমে ১৪,০০,০০০/- (চৌদ্দ লক্ষ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৩ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয়। যানবাহনের অতিরিক্ত কালোধোঁয়া নির্গমন এবং শব্দদূষণ মোবাইল কোর্ট বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ, নারায়ণগঞ্জ, নওগাঁ ও ঢাকা মহানগরের শাহবাগ এলাকায় ০৫ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৫ টি মামলার মাধ্যমে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩৪ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের বসিলা এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী ঢেকে রাখা ও তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশনা দেওয়া হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) অনুযায়ী এনফোর্সমেন্ট কার্যক্রম পরিচালনার মাধ্যমে ০২ (দুই) টি অবৈধ প্রতিষ্ঠানের বিদ্যু সংযোগ বিচ্ছিন্ন করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**১৫ জানুয়ারী ২০২৬** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নারায়ণগঞ্জ জেলার ফকির এপারেলস লিঃ কে ৯২ হাজার ৫০০ টাকা; মেসার্স শারমিন কেমিক্যালস ওয়ার্কস কে কার্যক্রম বন্ধের নির্দেশ এবং রংপুর জেলার রহমানিয়া ডিজিটাল ডায়াগনস্টিক সেন্টার কে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক লক্ষ্মীপুর, কুড়িগ্রাম ও শরীয়তপুর জেলায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৬ টি মামলার মাধ্যমে ৯,৩০,০০০/- (নয় লক্ষ ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০২ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়। যানবাহনের অতিরিক্ত কালোধোঁয়া নির্গমন এবং শব্দদূষণ মোবাইল কোর্ট বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ, নারায়ণগঞ্জ, নওগাঁ ও ঢাকা মহানগরের শাহবাগ এলাকায় ০৫ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৫ টি মামলার মাধ্যমে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩৪ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। এছাড়া কয়েকটি যানবাহনের ড্রাইভারকে সতর্কতামূলক বার্তা প্রদান করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে ঢাকা মহানগরের বসিলা এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী ঢেকে রাখা ও তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশনা দেওয়া হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) অনুযায়ী এনফোর্সমেন্ট কার্যক্রম পরিচালনার মাধ্যমে ০২ (দুই) টি অবৈধ প্রতিষ্ঠানের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়।





**১৮ জানুয়ারী ২০২৬** তারিখে বায়ুদূষণকারী অবৈধ ইটভাটার বিরুদ্ধে ইট প্রস্তুত ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুসারে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বান্দরবান, লালমনিরহাট, কুড়িগ্রাম, নরসিংদী, মেহেরপুর ও ঢাকা জেলার ধামরাই এলাকায় ০৬ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২০ টি মামলার মাধ্যমে ৪৮,৭০,০০০/- (আটচল্লিশ লক্ষ সত্তর হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ১১ টি অবৈধ ইটভাটার কাঁচা ইট ধ্বংস ও চিমনী ভাঙ্গাসহ কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়। এছাড়াও ০২ ইটভাটার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয় এবং ০৩ টি ইটভাটা বন্ধের জন্য কঠোর নির্দেশনা প্রদান করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৬ (ক) ধারা লংঘন করায় নীলফামারী, কুমিল্লা, মুন্সীগঞ্জ ও পঠুয়াখালী জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করায় ০৪ টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ২৯,০০০/- (উনত্রিশ হাজার ) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ২৯২ কেজি পলিথিন জব্দ করা হয়। যানবাহনের অতিরিক্ত কালোধোঁয়া নির্গমন এবং শব্দদূষণ মোবাইল কোর্ট বিরোধী অভিযানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগরের আজিমপুর এলাকায় ০১ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৫ টি মামলার মাধ্যমে ১০,৩০০/-(দশ হাজার তিনশত) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৯ টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত-২০১০) অনুযায়ী পরিবেশ অধিদপ্তর কর্তৃক নারায়ণগঞ্জ জেলায় ০১ টি এনফোর্সমেন্ট কার্যক্রম পরিচালনার মাধ্যমে ০৩ (তিনটি) টি অবৈধ প্রতিষ্ঠানের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করা হয়। বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০২২ অনুসারে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ করার দায়ে পঞ্চগড় ও ঢাকা মহানগরের খিলগাঁও ও মোহাম্মদপুর এলাকায় ০৩ টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে হয় ০৬ টি মামলার মাধ্যমে ৪৪,০০০/-(চুয়াল্লিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং পার্শ্ববর্তী কয়েকটি প্রতিষ্ঠানের মালিকগণকে সতর্ক করা হয়। এছাড়াও কয়েকটি প্রতিষ্ঠানের নির্মাণ সামগ্রী ঢেকে রাখা ও তাৎক্ষনিকভাবে সরিয়ে ফেলার নির্দেশনা দেওয়া হয়।





